গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পুরাতন ডাক ভবন , ঢাকা-১০০০

নং-১৪.৩৮.০০০০.০০৪.২২.০০৩.২৩-২০৪ তারিখ:১০/০৬/২০২৬ খ্রিঃ।

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, The Post Office Act. 1898 এর Section 4B এবং মেইলিং অপারেটর ও কুরিয়ার বিধিমালা, ২০১৩ অনুসারে "মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। লাইসেন্স ব্যতিত কুরিয়ার ব্যবসা পরিচালনা সম্পূর্ণ অবৈধ। সম্প্রতি অভিযোগ পাওয়া যাচ্ছে যে, অনেক প্রতিষ্ঠান মেইলিং অপারেটর ও কুরিয়ার সার্ভিস লাইসেন্সিং কর্তৃপক্ষ হতে লাইসেন্স গ্রহণ না করেই বিভিন্ন সরকারি বেসকারি আর্থিক, স্বায়ত্বশাসিত ও বেসরকারী সংস্থার সাথে চুক্তিবদ্ধ হয়ে মেইলিং ও কুরিয়ার ব্যবসা পরিচালনা করছে অথবা লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের এজেন্ট হিসেবে কাজ করছে। অর্থাৎ লাইসেন্সধারী কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠান বা কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের এজেন্সী না হয়েও মেইলিং ও কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নাম ভাংগিয়ে ব্যবসা পরিচালনা করছে। লাইসেন্স বিহীন কিছু প্রতিষ্ঠান অনলাইনে কুরিয়ার এজেন্ট নিয়োগের বিজ্ঞপ্তি প্রচার করে অর্থ হাতিয়ে নেয়াসহ জনসাধারণের সাথে প্রতারণা করছে। এর ফলে জনসাধারণ যেমন প্রতারণার শিকার হচ্ছে তেমনি এ কারণে সরকার রাজস্ব হতে বঞ্চিত হচ্ছে।

লাইসেন্স বিহীন কোন প্রতিষ্ঠানের মাধ্যমে কুরিয়ার সামগ্রী গ্রহণ/প্রেরণ না করার জন্য সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত ও আর্থিক প্রতিষ্ঠানসহ সর্বসাধারণকে অনুরোধ করা হলো। বৈধ লাইসেন্স গৃহিত কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানের নামের তালিকা এ কর্তৃপক্ষের ওয়েব সাইট https://mocsla.portal.gov.bd এ দেখা যাবে। লাইসেন্স বিহীন কুরিয়ার সার্ভিস প্রতিষ্ঠানকে জরুরি ভিত্তিতে লাইসেন্স গ্রহণের জন্য অনুরোধ করা হলো। লাইসেন্স গ্রহণ ব্যতিত কুরিয়ার ব্যবসা পরিচালনাকারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪/০৬/2023

মোঃ আজিজ তাহের খান
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৫২০৩৩
ই-মেইল: mocslac@gmail.com